

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এমআরএ ভবন
প্লট নং এফ-১৪-ডি/১, আগারগাঁও
শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

এমআরএ/সার্কুলার লেটার নং-৮২

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়: ঋণ ক্ষয় সক্ষমতা সংরক্ষণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ অনুসারে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক ৩০ জুন ও ৩১ ডিসেম্বর ভিত্তিক ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণ ক্ষয় সক্ষমতা (LLP) সংরক্ষণ করার বিধান রয়েছে।

২। বিগত বছরে প্রাকৃতিক দুর্যোগ এবং স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যবসা বাণিজ্যে অস্থিরতা বিরাজ করাসহ বাহ্যিক বিভিন্ন কারণে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের ঋণ আদায়ের হার বিগত বছর/স্বাভাবিক সময়ের চেয়ে বর্তমানে হাস পেয়েছে মর্মে অথরিটি মনে করায় LLP সংরক্ষণে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:-

(ক) মন্দ ঋণের উপর ৩০ জুন ২০২৪ এ সংরক্ষিত ঋণ ক্ষতি সক্ষমতা (LLP) এর চেয়ে ৩০ জুন ২০২৫ এ প্রয়োজনীয় অতিরিক্ত LLP এর ন্যূনতম ৫০% সংরক্ষণ করা যাবে। [যেমন, কোন প্রতিষ্ঠানে ৩০ জুন ২০২৪ ভিত্তিক মন্দ ঋণের বিপরীতে LLP এর স্থিতি ১০০ টাকা এবং ৩০ জুন ২০২৫ ভিত্তিক LLP সংরক্ষণের প্রয়োজনীয়তা ১২০ টাকা হলে উভয়ের পার্থক্য ২০ টাকার ন্যূনতম ৫০% অর্থাৎ ১০ টাকা ২০২৪-২৫ অর্থবছরে ব্যয় হিসেবে প্রদর্শন করত: ৩০ জুন ২০২৫ ভিত্তিক এলএলপি ১১০ টাকা সংরক্ষণ করতে হবে]; এবং

(খ) আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ এ উক্ত বিধিমালার বিধি ৪৪ অনুসরণে ঋণ ক্ষতি সক্ষমতা (LLP) সংরক্ষণ করতে হবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ আব্দুল মান্নান)
পরিচালক

লাইসেন্স, রেগুলেশন, পলিসি ও ল বিভাগ
ফোন: ৮৩৩২৫৩৮

ইমেইল: abdul.mannan@mra.gov.bd

স্মারক নং- ৫৩.০৪.০০০০.০২১.২২.০০৩.২৫- ১০ ৭১)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদফতর, ইক্সটেন গার্ডেন রোড, ঢাকা;
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৬. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অফিস কপি।



(মোঃ ফরিদুল হক)
যুগ্ম-পরিচালক